

## 💵 হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় : হজের মূল পর্ব

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## মুযদালিফায় উকুফের হুকুম

১. মুযদালিফায় উকৃফ করা ওয়াজিব। আল্লাহ তা'আলা বলেন,

﴿ فَإِذَآ أَفَضا َ تُم مِّن ؟ عَرَفُت فَٱنا كُرُواْ ٱللَّهَ عِندَ ٱلسَّمَسْ الْعَرِ ٱلسَّحَرَامِ ؟ وَٱنا كُرُوهُ كَمَا هَدَىٰكُم ؟ وَإِن كُنتُم مِّن قَبِالِهِ ؟ لَمِنَ ٱلضَّآلِينَ ١٩٨ ﴾ [البقرة: ١٩٨]

'তোমরা যখন আরাফা থেকে প্রত্যাবর্তন করবে, মাশ'আরুল হারামের নিকট পৌঁছে আল্লাহকে স্মরণ করবে এবং তিনি যেভাবে নির্দেশ দিয়েছেন ঠিক সেভাবে তাঁকে স্মরণ করবে। যদিও তোমরা ইতিপূর্বে বিভ্রান্তদের অন্তর্ভুক্ত ছিলে।'[1]

- ২. ইমাম আবৃ হানীফা রহ. বলেছেন, ফজর থেকে মূলত মুযদালিফায় উকৃফের সময় শুরু হয়। তাঁর মতানুসারে মুযদালিফায় রাত যাপন করা সুন্নত। আর ফজরের পরে অবস্থান করা ওয়াজিব। যদি কেউ ফজরের আগে উযর ছাড়া মুযদালিফা ত্যাগ করে, তার ওপর দম (পশু যবেহ করা) ওয়াজিব হবে। কুরআনুল কারীমের আদেশ এবং মুযদালিফায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবায়ে কিরামের আমলের দিকে তাকালে ইমাম আবৃ হানীফা রহ.-এর মতটি এখানে বিশুদ্ধতম মত হিসেবে প্রতীয়মান হয়।'[2]
- ৩. দুর্বল ব্যক্তি ও তার দায়িত্বশীল, মহিলা ও তার মাহরাম এবং হজ সংক্রান্ত দায়িত্ব পালনকারী ব্যক্তির জন্য মধ্যরাতের পর চাঁদ ডুবে গেলে মুযদালিফা ত্যাগ করার অনুমতি রয়েছে। কারণ,
- ক. ইবন আব্বাস রা. বলেন, 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে দুর্বল লোকদেরকে দিয়ে রাতেই মুযদালিফা থেকে পাঠিয়ে দিলেন।'[3]
- খ. ইবন উমর রা. তাঁর পরিবারের মধ্যে যারা দুর্বল তাদেরকে আগে নিয়ে যেতেন। রাতের বেলায় তারা মুযদালিফায় মাশ'আরুল হারামের নিকট উকূফ করতেন। সেখানে তারা যথেচ্ছা আল্লাহর যিকর করতেন। অতপর ইমামের উকূফ ও প্রস্থানের পূর্বেই তারা মুযদালিফা ত্যাগ করতেন। তাদের মধ্যে কেউ ফজরের সালাতের সময় মিনায় গিয়ে পৌঁছতেন। কেউ পৌঁছতেন তারও পরে। তারা মিনায় পৌঁছে কঙ্কর নিক্ষেপ করতেন। ইবন উমর রা. বলতেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এদের ব্যাপারে অনুমতি দিয়েছেন।'[4]
- গ. আসমা রা.-এর মুক্তদাস আবদুল্লাহ রহ. আসমা রা. থেকে বর্ণনা করেন যে, আসমা রা. রাত্রি বেলায় মুযদালিফায় অবস্থান করলেন। অতঃপর সালাতে দাঁড়িয়ে গেলেন। এরপর বললেন, 'হে বৎস, চাঁদ কি ডুবে গেছে?' আমি বললাম, না। অতপর আরো এক ঘন্টা সালাত পড়ার পর তিনি আবার জিজ্ঞাসা করলেন, 'বৎস, চাঁদ কি ডুবে গেছে?' আমি জবাব দিলাম, হ্যাঁ। তখন তিনি বললেন, চল। তখন আমরা রওয়ানা হলাম। অতঃপর তিনি জামরায় কঙ্কর নিক্ষেপ করলেন এবং নিজ আবাসস্থলে পৌঁছে ফজরের সালাত আদায় করলেন। তখন আমি বললাম, 'হে অমুক, আমরা তো অনেক প্রত্যুষে বের হয়ে গেছি। তিনি বললেন, হে বৎস, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ



আলাইহি ওয়া সাল্লাম মহিলাদের জন্য এ ব্যাপারে অনুমতি দিয়েছেন।'[5]

## ফুটনোট

- [1]. সুরা আল-বাকারা : ১৯৮।
- [2]. ইমাম শাফেন্ট রহ. ও ইমাম আহমদ ইবন হাম্বল রহ.-এর মতে মধ্যরাত পর্যন্ত উকৃফ করা ওয়াজিব। মধ্য রাতের পূর্বে মুযদালিফা ত্যাগ করলে দম ওয়াজিব হবে। ইমাম মালেক রহ.-এর মতে মাগরিব ও ইশার সালাত আদায় করতে যতটুকু সময় লাগে ততটুকু সময় মুযদালিফায় অবস্থান করলেই উকৃফ হয়ে যাবে। খালিসুল জুমান : পৃ.২১৪।
- [3]. বুখারী : ১৬৭৮, মুসলিম : ১২৯৪।
- [4]. বুখারী : ১৫৬৪।
- [5]. বুখারী : ১৬৭৯, মুসলিস : ১২৯১।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7404

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন